

Total No. of printed pages = 4

4 (Sem 3) FBEN-II

2015

BENGALI

(Functional MIL-II)

Full Marks – 80

Time – Three hours

The figures in the margin indicate full marks
for the questions.

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) 'বিচিত্র প্রবন্ধ' কবে প্রথম প্রকাশিত হয় ?
- (খ) কবির কেকারব কিসের গান ?
- (গ) কোন সালে 'বিচিত্র প্রবন্ধের' পুনর্মুদ্রণ হয়েছিল ?
- (ঘ) 'যে ধর্মনীতি এমন প্রত্যাশা করে তাহা পূজনীয়, কিন্তু
—— নহে।' (শূন্যস্থান পূর্ণ করো।)
- (ঙ) 'Hire Purchase' শব্দের বাংলা প্রতিশব্দ লেখো।
- (চ) 'জয়দেবের —— ভালো বটে, কিন্তু বেশিক্ষণ নহে।'
(শূন্যস্থান পূর্ণ করো।)
- (ছ) 'Annual Return' শব্দের বাংলা প্রতিশব্দ লেখো।

[Turn over

(জ) তোমার আবির্ভাবই তোমার ———।'
(শূন্যস্থান পূর্ণ করো।)

(ঝ) কোন সালে 'বিচিত্র প্রবন্ধের' দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হয় ?

(ঞ) 'ইংরেজের সাহিত্যে শরৎ ———।' (শূন্যস্থান পূর্ণ করো।)

২। সংক্ষিপ্ত উত্তর দাও : $২ \times ৫ = ১০$

(ক) বিদ্রোহমূলক নিন্দা বলতে কী বোঝ ?

(খ) 'আশা করি, ——— অধিবাসীদেরও এমন ——— নয়।' (শূন্যস্থান পূর্ণ করো।)

(গ) 'Agenda' শব্দটির দুটি বাংলা প্রতিশব্দ লেখো।

(ঘ) 'বর্ষার মতো সে ——— চলা নয়, সে ——— চলা।' (শূন্যস্থান পূর্ণ করো।)

(ঙ) 'Agreement' শব্দটির দুটি বাংলা প্রতিশব্দ লেখো।

৩। পত্র লেখো। (যে কোনো দুটি) : $৫ \times ২ = ১০$

(ক) তুমি একটি বিদেশী কোম্পানির নিকট অগ্রিমসহ যে মালের নির্দেশ দিয়েছিলে, তা সরবরাহ করা হয়েছে, কিন্তু তা নিম্নমানের। উদ্বৃত্ত অর্থ ফেরত পাঠাবার অনুরোধ করে কোম্পানির নিকট পত্র লেখো।

(খ) তোমার প্রতিষ্ঠান যে পণ্য উৎপাদন করে, তা ক্রয় করতে কোনও বিদেশী প্রতিষ্ঠান ইচ্ছুক। তোমার সম্মতি ও শর্তাদি জানিয়ে একখানি পত্র লেখো।

32/4 (Sem 3) F BEN-II (2)

(গ) তুমি একটি নতুন ব্যবসায় প্রতিষ্ঠা করবে। ব্যাঙ্কে তোমার হিসাবে যে অঙ্ক জমা আছে, তা যথেষ্ট নয়। জমাতিরিক্ত ঋণ প্রার্থনা করে তোমার ব্যাঙ্কের নিকট একখানি আবেদন পত্র রচনা করো।

৪। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো। (যে কোনো দুটি) : $৫ \times ২ = ১০$

(ক) "যে লইয়া যায় সেই আবার ফিরাইয়া আনে। তাই সকল উৎসবের মধ্যে বড়ো উৎসব এই হারাইয়া ফিরিয়া পাওয়ার উৎসব।"

(খ) "বাহিরের বাজে মিস্ত্রিতায় আসল জিনিষের মূল্য নামাইয়া দেয়।"

(গ) "প্রকৃত পরিচয়ের জন্য ব্যগ্রতা মানুষের স্বভাবসিদ্ধ ধর্ম, সেটা মনুষ্যত্বের প্রধান অঙ্গ—অতএব তাহার সঙ্গে বিবাদ করা চলে না।"

৫। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। (যে কোনো দুটি) : $১০ \times ২ = ২০$

(ক) 'কেকাধনি' প্রবন্ধে বিষয়গত গাভীর্য অপেক্ষাকৃত লঘু প্রকাশভঙ্গির সৌন্দর্যে অপরূপ হয়ে উঠেছে। আলোচনা করো।

(খ) 'শরৎ' প্রবন্ধে রবীন্দ্রনাথ প্রাচ্য ও পাশ্চাত্যের শরতের রূপ ও ভাবের যে সাদৃশ্য ও পার্থক্য লক্ষ্য করেছেন তা যথাযথভাবে বর্ণনা করো।

(গ) সমাজ জীবনে পরনিন্দার প্রয়োজনীয়তা ও অপ্রয়োজনীয়তা সম্পর্কে রবীন্দ্রনাথের বক্তব্য বুঝিয়ে লেখো।

32/4 (Sem 3) F BEN-II (3)

[Turn over

(ঘ) রবীন্দ্রনাথ 'বিচিত্র প্রবন্ধে' যে বিষয়-বৈচিত্র্য ও ভাবগত ঐক্যের দিক তুলে ধরেছেন তা স্পষ্ট করো।

৬। নিম্নলিখিত বাণিজ্যিক শব্দাবলির পারিভাষিক বাংলা প্রতিশব্দ লেখো। (যে কোনো দশটি) : $1 \times 10 = 10$

Overdraft, Fixed Assets, Ceilling Price, Stock Exchange, Provident Fund, Debenture, Earnest Money, Rebate, Power of Attorney, Subsidy, Audit, Copyright, Bonus, Demand Draft.

৭। সারাংশ লেখো : $10 \times 1 = 10$

“বৈদিক যজ্ঞের অগণিত পশুহত্যার মধ্যে কোথায় অন্যান্য ছিল, মানুষ তখনই শুধু দেখিতে পাইয়াছে বুদ্ধদেব যখন তাহাকে পৃথক করিয়া লইয়া গিয়াছেন। সহমরণ আজ রহিত হইয়া গিয়াছে, তাই আজ সেকথা মনে করিয়া শিহরিয়া উঠি। গঙ্গাসাগরে সন্তান নিক্ষেপ করার মধ্যে কত পাপ গোপন ছিল, আজ তাহা দেখিতে পাইয়া ইংরাজের আইনকে সর্বান্তঃকরণে আশীর্বাদ করি। অথচ সে সময় কত না লড়াই করিয়াছি। গাঁটের পয়সা অপব্যয় করিয়া বিলাত পর্যন্ত আপীল করিয়াছি। যাহারা প্রধান উদ্যোগী হইয়াছিল, আপীল করিতে বাধা দিতে সাহায্য করিয়াছিল, তাহাদিগকে পরম মিত্র বলিয়া আহ্বান করিয়াছি, স্বর্গীয় রামমোহনকে ধর্মদেবী রাম্ফস বলিয়া গালিগালাজ দিয়াছি। আজ সে ভ্রম ধরা পড়িয়াছে, — তথাপি চৈতন্য হয় নাই। আজও সামাজিক প্রশ্নের মীমাংসা খুঁজিতে টোলের ভট্চার্জির নিকট ছুটিয়া যাই। তাহারা শাস্ত্রের শ্লোকই জানে— আর কিছু জানে না। বিদ্যার চরম উদ্দেশ্য যদি হৃদয় প্রশস্ত করা হয়, তাহাদের অধিকাংশেরই পড়াশুনা ব্যর্থ হইয়াছে, তাহা একবারও চিন্তা করি না।”